প্রথম আলো

তারিখ : 05 MAY 2015
পৃষ্ঠা : ২০ কলাম : ৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# এবার পদত্যাগপত্র দিলেন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ১০ শিক্ষক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এবার পদত্যাগপত্র জমা দিলেন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ১০ শিক্ষক। পরিবেশ বিজ্ঞান বিভাগের নতুন ভবনে ওঠাকে কেন্দ্র করে চলমান অচলাবস্থার মধ্যে গতকাল সোমবার দুপুরে তাঁরা পদত্যাগপত্র জমা দেন। এর আগে গত শনিবার কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৫ জন শিক্ষক পদত্যাগপত্র জমা দেন।

শিক্ষকদের পদত্যাগপত্র পাওয়ার কথা স্বীকার করেছেন বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি মাজেদা ইসলাম। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক বলেন, 'পদত্যাগপত্র পেয়েছি। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী করণীয় নির্ধারণ করা হবে।'

গত বৃহস্পতিবার সিন্ডিকেটের জরুরি সভায় বঙ্গবন্ধু হলসংলগ্ন নবনির্মিত ভবনের তৃতীয় তলা পরিবেশ বিজ্ঞান বিভাগকে বরাদ্দ দেওয়া হয়। এর প্রতিবাদে ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ বিভিন্ন কর্মসূচি অব্যাহত রেখেছে। গতকাল দুপুর ১২টার দিকে নতুন ভবনের সামনে থেকে মিছিল বের করেন ওই দুই বিভাগের শিক্ষার্থীরা। মিছিলটি প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়। এরপর সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করেন তাঁরা।

এ ছাড়া চলমান অনশন কর্মসূচি পালন করতে গিয়ে গতকাল অসুস্থ হয়ে পড়েন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪২ ব্যাচের শিক্ষার্থী আহসিন আবিদ। তাঁকে সাভারের এনাম মেডিকেল কলেজ

এরপর পৃষ্ঠা ১৭ কলাম ১

## এবার পদত্যাগপত্র

শেষ পৃষ্ঠার পর

হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে শিক্ষার্থীরা জানান।

বিকেল সাড়ে চারটার দিকে নতুন ভবনের সামনে সংবাদ সম্মেলন করেন দুই বিভাগের শিক্ষার্থীরা। সংবাদ সম্মেলনে তাঁরা পদত্যাগ করা শিক্ষকদের দায়িত্বে বহাল রাখার দাবি জানান। একই সঙ্গে নতুন ভবনের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তলা দুই বিভাগকে বরাদ্দ দেওয়ার দাবি জানান।

শ্রেণিকক্ষসহ অন্যান্য সংকট নিরসনে গত ৫ এপ্রিল এক প্রশাসনিক আদেশের মাধ্যমে ভবনটির তৃতীয় তলা পরিবেশ
বিজ্ঞান বিভাগকে বরাদ্দ দেওয়া হয়। কিন্তু নতুন ভবনে উঠতে বাধা দেয় ভবনে আগে থেকে ওঠা ভূতাত্ত্বিক বিজ্ঞান এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকেরা। তাঁদের অভিযোগ, নতুন কোনো বিভাগ এই ভবনে উঠলে শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হবে। এর পর থেকে এক মাস ধরে তিনটি বিভাগের সব শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে।